

# দেশে আগস্ট মাসে নেই নতুন কনটেন্ট

প্রতি মাসে নতুন সিনেমা বা ওয়েব সিরিজের জন্য দর্শকের নজর থাকে ওটিটি প্ল্যাটফর্মগুলোতে। মাসজুড়ে দেশ-বিদেশের বিভিন্ন প্ল্যাটফর্মে মুক্তি পায় নানা দেশের, নানা ভাষার কনটেন্ট। ওটিটি প্ল্যাটফর্মে নতুন মুক্তি পাওয়া নতুন কিছু কনটেন্ট সম্পর্কে জানাচ্ছেন সীমান্ত।



## কল্কি ২৮৯৮ এডি - নেটফ্লিক্স ও অ্যামাজন প্রাইম ভিডিও

গত ২৭ জুলাই প্রেক্ষাগৃহে মুক্তির পরই বক্স অফিসে বাড় তোলে নাগ অশ্বিনের সায়েল ফিকশন ফ্যান্টাসি সিনেমাটি। গড়ে একের পর এক রেকর্ড। এখন পর্যন্ত এক হাজার কোটি রুপির বেশি ব্যবসা করেছে এই সিনেমা। প্রেক্ষাগৃহে ব্যাপক সফলতার পর, ২২ আগস্ট যৌথভাবে ওটিটি প্ল্যাটফর্ম নেটফ্লিক্স ও অ্যামাজন প্রাইম ভিডিওতে মুক্তি পায় সিনেমাটি। ছবির হিন্দি সংস্করণ মুক্তি পায় নেটফ্লিক্সে, অন্য সংস্করণগুলো দেখা যাচ্ছে অ্যামাজন প্রাইম ভিডিওতে। মহাভারতে উল্লিখিত কুরুক্ষেত্রের যুদ্ধের দৃশ্য দিয়ে শুরু হয় সিনেমা। এরপর গল্প চলে যায় ২৮৯৮ খ্রিস্টাব্দে। ওই সময়ের রক্ষ-শুষ্ক শহর কাশি এই সিনেমার পটভূমি। যেখানে স্বঘোষিত ঈশ্বর রাজা সুপ্রিম ইয়াসকিন একটি অত্যাধুনিক কমপ্লেক্সে থাকেন। রাজা সুপ্রিম এক নতুন পৃথিবী তৈরি করতে চান, যেখানে বিজ্ঞান ও পুরাণ মিলেমিশে একাকার। আলোচিত এ ছবির প্রধান চরিত্রগুলোতে অভিনয় করেন অমিতাভ বচ্চন, কমল হাসান, দীপিকা পাডুকোন, প্রভাস ও দিশা পাটানি।

## চ্যাসটিটি হাই - নেটফ্লিক্স

শিক্ষার্থীদের প্রেমের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে একটি উচ্চ বিদ্যালয়। কেউ প্রেম করছে, কর্তৃপক্ষ এমন খবর পেলে সঙ্গে সঙ্গে তাকে বহিষ্কার করা হয়। এ পরিস্থিতিতে লাভ এক্সপোজার নামে একটি সোশ্যাল মিডিয়া বেশ জনপ্রিয় হয়ে ওঠে ক্যাম্পাসে, যেখানে প্রেমের সম্পর্কে জড়িত শিক্ষার্থীদের ছবি ও তথ্য প্রকাশ করা হয়। শিক্ষার্থীদের মধ্যে বাড়তে থাকে দ্বন্দ্ব ও সংঘাত। যৌথভাবে সিরিজটি পরিচালনা করেন সুসি মাতসুমোতো, জুক ইয়াশুকো এবং ক।চা। ওটা। ২৯ আগস্ট সিরিজটি ওটিটি প্ল্যাটফর্ম নেটফ্লিক্সে মুক্তি পায়। ১২ পর্বের এই সিরিজটিতে অভিনয় করেন আই মিকামি, রিউবি মিয়াসেসহ আরও অনেকে।



## আইসি ৮১৪: দ্য কান্দাহার হাইজ্যাক - নেটফ্লিক্স

১৯৯৯ সালের ডিসেম্বরে ভারতের একটি ফ্লাইট হাইজ্যাক করে নিয়ে যাওয়া হয় আফগানিস্তানের কান্দাহারে। ১৮৮ জন যাত্রীর সাত দিনের দূরবস্তার চিত্র এতে ফুটিয়ে তুলেছেন পরিচালক অনুভব সিনহা। উঠে এসেছে তাদের উদ্ধারে ভারতীয় কর্মকর্তাদের অদম্য প্রচেষ্টার কাহিনিও। অনুভব সিনহার নির্মিত সিরিজটি ২৯ আগস্ট নেটফ্লিক্সে মুক্তি পায়। ছয় পর্বের সিরিজটিতে অভিনয় করেন নাসিরউদ্দিন শাহ, পঙ্কজ কাপুর, বিজয় ভার্মা, দিয়া মির্জাসহ আরও অনেকে।





## গডজিলা এক্স কং: দ্য নিউ এম্পায়ার - জিও সিনেমা

মনস্টার ইউনিভার্সের জনপ্রিয়তা তুঙ্গে, সারা বিশ্বব্যাপী তাদের রয়েছে অসংখ্য সমর্থক। এশিয়া মহাদেশও তার ব্যতিক্রম নয়। যার কারণে ২৯ আগস্ট জিও সিনেমাতে মুক্তি পায় গডজিলা এক্স কং: দ্য নিউ এম্পায়ার ছবিটি। হোলো আর্থে কং তার আরও কিছু স্বজাতির দেখা পায়। অত্যাচারী রাজা স্কার ও শিমোর বিরুদ্ধে অভিযানের জন্য সবাই গডজিলাকে সঙ্গে নিয়ে যুদ্ধে নামে। অত্যাচারীদের আক্রমণ থেকে পৃথিবীকে বাঁচাতে দৃঢ় প্রতিজ্ঞ তারা। অ্যাডাম উইনগার্ড পরিচালিত ছবিটিতে অভিনয় করেন রেবেকা হল, ব্রায়ান টাইরি হেনরি, ড্যান স্টিভেনস, অ্যালেক্স ফার্নস।



## দ্য ফ্রগ - নেটফ্লিক্স

পাহাড় আর লেক দিয়ে ঘেরা মনোরম একটি হোটেল। প্রকৃতিপ্রেমী মানুষরা এখানে বেড়াতে আসে। প্রকৃতির স্নিগ্ধতা উপভোগ করে, আবার চলেও যায়। মোটেলের মালিক শান্তিপ্ৰিয় একজন মানুষ। সেই মোটোলে একদিন অতিথি হয়ে আসে রহস্যময় এক নারী। এক সন্ধ্যায় ডিনারে মোটেল মালিককে প্রস্তাব দেয়, মোটেলটি তার কাছে বিক্রি করে দিতে। রাজি হয় না মোটেল মালিক। সেই মোটোলে আগমন ঘটে আরো কিছু রহস্যময় চরিত্রের। শুরু হয় সংঘর্ষ, গোলাগুলি, খুন। মো ওয়ান-ইল পরিচালিত কোরিয়ান সিরিজটি ২৩ আগস্ট নেটফ্লিক্সে মুক্তি পায়। আট পর্বের এই সিরিজটিতে মুখ্য চরিত্রে অভিনয় করেন কিম ইয়ুন-শিয়োক, ইয়ুন কি-সাঙ, গো মিন-সি সহ আরও অনেকে।



## অ্যাংরি ইয়ং ম্যান - আমাজন প্রাইম

চিত্রনাট্যকার সেলিম খান ও জাভেদ আখতারের ক্যারিয়ার নিয়ে তৈরি হয়েছে তিন পর্বের তথ্যচিত্রমূলক সিরিজ অ্যাংরি ইয়ং ম্যান। ১৯৭০-এর দশকে হিন্দি সিনেমায় তাদের প্রভাব এবং তাদের মেধার ছোঁয়ায় যেভাবে পরিবর্তন এলো সিনেমায়, তা-ই তুলে ধরা হয়েছে এই তথ্যচিত্রে। এতে রয়েছে অমিতাভ বচ্চন, সালমান খান ও জয়া বচ্চনের মতো বলিউড আইকনদের সাক্ষাৎকার। নম্রতা রাওের পরিচালিত সিরিজটি ২৩ আগস্ট আমাজন প্রাইমে মুক্তি পায়।

## পরিণীতা - হইচই

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস 'পরিণীতা' অবলম্বনে নির্মিত সিরিজ এসেছে ওটিটি প্ল্যাটফর্ম হইচইয়ে। অদিতি রায় পরিচালিত 'পরিণীতা' এই সিরিজে অভিনয় করেছেন কলকাতার দুই শিল্পী দেবচন্দ্রিমা সিংহ রায় ও গৌরব চক্রবর্তী। দেবচন্দ্রিমা সিংহ রায়কে দেখা যাবে ললিতার চরিত্রে ও গৌরব চক্রবর্তীকে দেখা যাবে শেখরের চরিত্রে। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস থেকে তৈরি সিরিজ এই প্ল্যাটফর্মের 'বেস্ট অফ বেঙ্গল' সিরিজের দ্বিতীয় প্রযোজনা। হইচইয়ে ১৫ আগস্ট থেকে দেখা যাচ্ছে সিরিজটি। একটি ব্যাংকের কেরানি গুরুচরণের জীবনের ঘাত-প্রতিঘাতের নানা ঘটনার মধ্য দিয়ে এগিয়ে গেছে সিরিজের গল্প। স্বাধীনতা পূর্ব ভারতীয় সমাজের যে সমস্ত বিষয় ছিল সেগুলি সম্পর্কে আলোচনা, প্রশ্ন করে এই রোম্যান্টিক সিরিজ।

